



স্কুলছাত্রী নির্পীড়নের অভিযোগ

সোমবার রাজধানীর সেন্ট্রাল গার্লস হাইস্কুলের একজন শিক্ষকের বিরুদ্ধে ছাত্রী নির্পীড়নের অভিযোগ ওঠার পর তার বিচারের দাবিতে অভিভাবক ও শিক্ষার্থীরা বিক্ষোভে ফেটে পড়েন। পরে পুলিশ নিয়ে অভিযুক্ত শিক্ষককে আটক করে থানায় নিয়ে যায় (ইনসেটে)



রাজধানীতে ছাত্রী নির্পীড়নের দায়ে শিক্ষক আটক

যাযায়দিন রিপোর্ট
রাজধানীর সেন্ট্রাল গার্লস স্কুলের এক ছাত্রীকে দীর্ঘদিন ধরে উত্ত্যক্ত করার অভিযোগে একজন শিক্ষককে আটক করেছে পুলিশ। নির্পীড়িত ছাত্রীর লিখিত অভিযোগের পরিপ্রেক্ষিতে সোমবার দুপুর ২টার দিকে সূত্রাপুর থানা পুলিশ অভিযুক্ত শিক্ষককে আটক করে।
থানার দায়িত্বরত কর্মকর্তা (ডিউটি অফিসার) হেতমত আপী জানান, সেন্ট্রাল স্কুলের এস.এস.সি পরীক্ষার্থী এক ছাত্রীকে ওই স্কুলের শিক্ষক বাসুদেব আটক : পৃষ্ঠা ২ কলাম ৫

আটক : রাজধানীতে (২য় পৃষ্ঠার পর)

বিভিন্ন সময় উত্ত্যক্ত করে আসছিলেন। সম্মতি, পরীক্ষার সময়ও ছাত্রীটিকে নানাভাবে উত্ত্যক্ত করলেও পরীক্ষার সীমস্যা হতে পারে ভেবে কাউকে জানাঘনি ছাত্রীটি। তিনি জানান, পরীক্ষা শেষ হওয়ার পরেও ওই শিক্ষকের হাত থেকে রেহাই না পাওয়ায় ছাত্রীটি স্কুলে সম্মতি লিখিত অভিযোগ করে। এতে বাসুদেবের পক্ষ নিয়ে স্কুলের কয়েকজন শিক্ষক ওই ছাত্রীকে উদ্বেগে পাসিয়ে দেন এবং ঘটনাটি কাউকে না জানাতে হুমকিও দেন। এতে বাসুদেবের সাহস আরো বেড়ে যায়। অবশেষে নিরুপায় হয়ে ছাত্রীটি সোমবার তার স্কুলে ও সূত্রাপুর থানায় লিখিত অভিযোগ করে। পরে সূত্রাপুর থানার পুলিশ স্কুল থেকে বাসুদেবকে আটক করে থানায় নিয়ে যায়।
এ দিকে, বাসুদেবকে রক্ষা করতে শিক্ষকদের একটি মহল তৎপরতা শুরু করেছেন এবং তাকে ছাড়িয়ে নিতে দেন-দরবার করছেন বলেও সূত্র জানিয়েছে।